# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭২৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ «إِذَا مَرَرْتُمْ بِرِيَاضِ الْجَنَّةِ فَارْتَعُوا» قِيلَ: يَا رَسُولَ اللَّهِ وَمَا رِيَاضُ الْجَنَّةِ؟ قَالَ: «الْمَسَاجِدُ» . قُلْتُ: وَمَا الرَّتْعُ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: «سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَالله أكبر» . رَوَاهُ التِّرْمِذِيّ

## বাংলা

৭২৯-[৪১] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা যখন জান্নাতের বাগানের কাছ দিয়ে যাবে, এর ফল খাবে। জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রসূল! জান্নাতের বাগান কী? উত্তরে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ মাসজিদ। আবার জিজ্ঞেস করা হলো এর ফল খাওয়া কী? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, ’’সুবহা-নাল্ল-হি ওয়াল হামদু লিল্লা-হি ওয়ালা-ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াল্ল-হু আকবার’’ (আল্লাহ পবিত্র, সমস্ত প্রশংসা আল্লাহর এবং আল্লাহ ভিন্ন কোন মা’বূদ নেই, আল্লাহ মহান) এ বাক্য বলা। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ৩৫০৯, সিলসিলাহ্ আয্ য‘ঈফাহ্ ১১৫০। কারণ এর সানাদে হুমায়দ আল মাক্কী রয়েছে যিনি ইবনু আল কামার-এর আযাদকৃত দাস তার সম্পর্কে ইমাম বুখারী ও ইবনু ‘আদী (রহঃ) বলেনঃ সে ‘আত্বা (রহঃ) থেকে তিনটি হাদীস বর্ণনা করেছে যেগুলোর কোন মুতাবি‘আ নেই। হাফিয ইবনু হাজার তাক্বরীবে তাকে মাজহূল বা অপরিচিত বলেছেন।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যখন তোমরা জান্নাতের বাগানসমূহের নিকট দিয়ে যাবে তখন তার ফল খাবে, অর্থাৎ- তখন তোমরা এসব যিকর বলবে। এখানে মাসজিদকে জান্নাতের বাগান বলে উল্লেখ করা হয়েছে এজন্য যে, মসজিদে যে ‘ইবাদাত করা হয় তা জান্নাতে প্রবেশের অধিকারের কারণ হবে। রসূল

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মতে, জান্নাতের বাগান হচ্ছে মাসজিদ। আহমাদ ও তিরমিযী তাদের কিতাবে আনাস (রাঃ) থেকে ‘‘মসজিদের স্থলে’’ যিকর এর বৈঠক (حِلَقُ ذِكْرٍ) শব্দ উল্লেখ করেছেন।

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আবারো জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রসূল! ফল খাওয়া কী? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, سُبْحَانَ اللهِ ইত্যাদি বলা। ফল খাওয়া শুধু এই যিকিরের (জিকিরের) মধ্যে সীমাবদ্ধ নয়। বরং এটা দ্বারা অন্যান্য যিকরও বুঝানো হয়েছে যেগুলো জান্নাতের বাগানে প্রবেশের কারণ হবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55286

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন